দৈনিক ইনকিলাব

# ছাত্রদলকে গতিশীল করা বিএনপি'র সর্বোচ্চ রাজনৈতিক অগ্রাধিকার

**ইনকিলাব রিপোর্ট ঃ** চলতি আগস্ট মাসের মধ্যেই জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি গঠন করা হবে। এ লক্ষ্যে ইতোমধ্যেই কাজ শুরু হয়ে গেছে। বিএনপি হাইকমান্ড যত দ্রুত সম্ভব ছাত্রদলকে সচল করতে চান। বিএনপি'র কাছে এ মুহূর্তে ছাত্রদলকে গতিশীল করে ক্যাম্পাসে ভারসাম্য সৃষ্টি করাই হচ্ছে সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত রাজনৈতিক বিষয়।

ছাত্র রাজনীতি বন্ধ করার বিষয়টিকে মাথায় রেখে বিগত কয়েক মাস যাবৎ বিএনপি কাজ করায় দলের সর্বাপেক্ষা শক্তিশালী অঙ্গসংগঠন, ছাত্রদলের বিষয়টি উপেক্ষিত হয়ে পড়েছিল। ১৭ নভেম্বর ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের কার্যক্রম স্থগিত করার পর সংগঠনের সর্বস্তরের নেতা-কর্মীদের মধ্যে হতাশা নেমে আসে। কেন্দ্রীয় কমিটি স্থগিতের ফলে সারাদেশই ছাত্রদলের কার্যক্রমে ভাটা পড়ে। নেতা-কর্মীদের বেশীরভাগই রাজনৈতিকভাবে নিষ্ক্রিয় হয়ে পড়েন। নামেমাত্র ছাত্রদলের অস্তিত্ব থাকলেও বাস্তবে এই ছাত্র সংগঠনটির কার্যক্রম স্থবির হয়ে পড়ে।

৭-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ছাত্রদল

প্রথম পৃষ্ঠার পর

সম্প্রতি সংঘটিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনাকাংক্ষিত ঘটনার সময় ছাত্রদলের অনুপস্থিতির বিষয়টি বিএনপি হাইকমান্ডের নজরে আসে। ছাত্র রাজনীতি বন্ধ করার আগেই নিজেদের অঙ্গদলকে একতরফাভাবে বন্ধ করার বিষয়টি ভুল বলে মনে করা হয়। সরকার দলের ছাত্র সংগঠনের কার্যক্রম বন্ধ করে অন্যদলের ছাত্র রাজনীতি বহাল রাখায় ক্যাম্পাসে ভারসাম্যহীন পরিস্থিতির সৃষ্টি হয়। আর এই সুযোগেই রাজনৈতিক প্রতিপক্ষ ঘোলাপানিতে মাছ শিকার করে নেয়। পরিণামে অচল হয়ে পড়ে বিশ্ববিদ্যালয়, ক্ষুণ্ন হয় সরকারের ভাবমূর্তি। এই ঘটনাটিই সরকারের চিন্তা-ভাবনায় পরিবর্তন ঘটায়। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সম্প্রতি কয়েকজন সিনিয়র মন্ত্রীর সাথে বৈঠককালে ছাত্রদলকে গতিশীল করার সিদ্ধান্ত নেন। বিএনপি'র শীর্ষ নেতৃত্ব ইতোমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা এবং মহানগরী শাখাগুলোকে সক্রিয় হওয়ার নির্দেশ দিয়েছেন। বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক, স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমানউল্লাহ আমান গত দু'দিন পর পর সংশ্লিষ্ট ছাত্রনেতাদের সাথে বৈঠক করেছেন। প্রধানমন্ত্রীর নির্দেশেই তিনি বৈঠক করেন বলে জানা গেছে। জনাব আমান ছাত্রদলকে ঢেলে সাজানোর কথা বলেছেন। ছাত্রদলের নেতৃত্বে ব্যাপক পরিবর্তন আনার লক্ষ্যে চলতি মাসের মধ্যেই নয়া কমিটি গঠন করা হবে।